তারিখ 04 SEP 2008
পৃষ্ঠা ২ কলাম ৭

দৈনিক
ইনকিলাব

# জাতীয় বেতন স্কেল দাবীতে কমিউনিটি শিক্ষকদের দিনে ৫ ঘণ্টা কর্মবিরতি চলবে

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির মহাসচিব হাফিজুর রহমান মাসিক ১২০০ টাকার সম্মানি ভাতার পরিবর্তে জাতীয় বেতন স্কেলের পূর্ণাঙ্গ সুযোগ-সুবিধা প্রদানের দাবী বাস্তবায়নের ঘোষণা পবিত্র ঈদুল ফেতরের পূর্বেই দেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল এক বিবৃতিতে তিনি বলেন, দীর্ঘ ১৪ বছর যাবত অবহেলিত ৯ হাজার ৯৬৪ জন কমিউনিটি প্রাথমিক শিক্ষকের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ইতিপূর্বে অনেক আশ্বাস বা প্রতিশ্রুতি থাকলেও বাস্তবায়ন হয়নি। সর্বশেষ গত ২৫ আগস্ট কেন্দ্রীয় শহীদ মিনারে আমরণ অনশনের প্রাক্কালে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী ২/১ দিনের মধ্যে দাবী বাস্তবায়নের ঘোষণা দিবেন বলে বলেছিলেন। ১০ দিন অতিবাহিত হলেও সরকারের পক্ষ থেকে কোন ঘোষণা আসেনি। যার কারণে পূর্ব ঘোষণা অনুযায়ী ২৬ আগস্ট থেকে অদ্যাবধি ৭ ঘণ্টার পরিবর্তে মাত্র ২ ঘণ্টা বিদ্যালয়ে পাঠ দান চলছে এবং দাবী পূরণ না হওয়া পর্যন্ত শিক্ষকরা এভাবে বিদ্যালয়ে মাত্র ১ ঘণ্টা অবস্থান করবে।